



**PRESS RELATIONS DIVISION**, Central Office, Post Box 406, Mumbai 400001  
Phone: 2266 0502 Fax: 2266 0358, 2270 3279

**RESERVE BANK OF INDIA**

[www.rbi.org.in](http://www.rbi.org.in)  
[www.rbi.org.in/hindi](http://www.rbi.org.in/hindi)  
e-mail: [helpprd@rbi.org.in](mailto:helpprd@rbi.org.in)

৩০শে সেপ্টেম্বর ২০০৬

**৩রা অক্টোবর ২০০৬ থেকে দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর শাখাগুলি  
ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাংক অফ ইণ্ডিয়া লিঃ-এর শাখা হিসাবে কাজ করবে**

মহামান্য ভারত সরকার আজকে দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাংক অফ ইণ্ডিয়া লিঃ-এ মিশে যাওয়ার বিষয়টি অনুমোদন করেছেন এই সংযোজনটি ৩রা অক্টোবর ২০০৬ থেকে কার্যকর হবে। এই তারিখ থেকে দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাংক অফ ইণ্ডিয়া লিঃ-এর শাখা হিসাবে কাজ করবে।

দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর আমানতধারীরা সহ গ্রাহকেরা ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাংক অফ ইণ্ডিয়া লিঃ-এর গ্রাহক ও আমানতধারী হিসাবে তাদের অ্যাকাউন্ট পরিচালনা করতে পারবে ৩রা অক্টোবর ২০০৬ থেকে। ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাংক অফ ইণ্ডিয়া লিঃ এই বিষয়টি নিশ্চিত করছে যাতে দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর গ্রাহকদের সব রকম ব্যাংকিং পরিষেবা প্রদান করা যায়।

সংযোজনের প্রকল্প অনুযায়ী ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট ব্যাংক অফ ইণ্ডিয়া লিঃ **Rs.28/-** (আঠাশ রুপী মাত্র) প্রতি পেড-আপ শেয়ার পিছু দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর সদস্যদের দেবে, যারা নির্দিষ্ট তারিখে, দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর নথিভুক্ত শেয়ার হোল্ডার ছিলেন, তাদের দাবীমতো সেই শেয়ারের সুদ হিসাবে। এছাড়াও, সংযোজনের প্রকল্প অনুযায়ী, দ্য ইউনাইটেড ওয়েস্টার্ন ব্যাংক লিঃ-এর সম্পত্তি দিয়ে সমস্ত দায় মিটিয়ে কিছু অতিরিক্ত হাতে থাকে তবে তা নির্দিষ্ট সময়ের পর শেয়ারধারীদের মধ্যে আনুপাতিকহারে বন্টন করা হবে।

**জি. রঘুরাজ**

ডেপুটি জেনারেল ম্যানেজার

**প্রেস বিজ্ঞপ্তি : 2006-2007/462**